গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা
www.dwa.homna.comilla.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

**উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি হোমনা, কুমিল্লা এর এপ্রিল/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ক্ষেমালিকা চাকমা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৯-০৪-২০২৪ |
| সভার সময় | ১১.০০ টা |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোমনা, কুমিল্লা। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক"। |

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন।সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান এবং এতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাল্যবিবাহ নিরোধ একটি সমন্বিত কার্যক্রম। বাল্যবিবাহ বন্ধ করতে হলে সমাজের প্রতিটি স্তরের সকল মানুষকে নিয়ে একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। ২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছাড়াও উপজেলা নির্বাহী মেজিস্ট্রেট, উপজেলা সমাস সেবা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা স্থানীয় সরকারের প্রতিনিধি যে কোনো ব্যাক্তি বাল্যবিবাহ বন্ধ করার ক্ষমতা রাখেন। সেজন্য প্রতিটি ইউনিয়নে বাল্যবিবাহ বন্ধ করার জন্য ০১ জন করে ট্যাগ অফিসার নিয়োগ করা যেতে পারে। অত্র কার্যালয়ে এ মাসে বাল্যবিবাহের কোনো অভিযোগ পাওয়া যায়নি। বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত ০৪টি উঠান বৈঠক দুলালপুর, চান্দেরচর, ভাষানিয়া ও ঘারমোড়া ইউনিয়নে করা হয়েছে। তিনি আরোও বলেন যে, প্রতিমাসে ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী উপজেলা কমিটির নিকট প্রেরণ করার কথা থাকলেও তা যথাসময়ে পাওয়া যায় না। এ ব্যাপারে চেয়ারম্যানগণকে সচেষ্ট হওয়ার জন্য তিনি অনুরোধ জানান। | ০১। ইউনিয়ন ভিত্তিক বাল্যবিবাহ বন্ধ করার জন্য ০১ জন করে ট্যাগ অফিসার নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। বাল্যবিবাহ নিরোধ আইন সম্পর্কে জনগণকে জানানোর জন্য সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম আরোও জোরদার করতে হবে।<br>০৩। ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>০৩। চেয়ারম্যান (সকল) |
| ০২. | নিলখী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভাকে এই মর্মে অবহিত করেন যে, বাল্যবিবাহ বন্ধ করতে গেলে অভিভাবকগণ কোর্ট থেকে এফিড ডেবিট করা কাগজ প্রদর্শন করেন এবং এ বিয়ে আইনগতভাবে সিদ্ধ বলে দাবী করেন। এ কারণে এলাকাতে বাল্যবিবাহ বন্ধ করা সম্ভব হচ্ছে না। তিনি সভাপতি- কে কোর্ট ম্যারেজ বা নোটারী পাবলিক বন্ধ করার নিমিত্তে জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে জেলা আইনজীবী সমিতিকে বিষয়টি অবহিত করার অনুরোধ জানান। | জেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সভাতে বিষয়টি সম্পর্কে সভাপতি আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি বলেন, সকল ইউনিয়নে সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। তিনি আরও বলেন যে, কোর্ট ম্যারিজের মাধ্যমে বিবাহের আইনগত কোন ভিত্তি নেই। এই কারণ দেখিয়ে যদি কোন বিবাহ সংঘটিত হয় তার প্রমাণ পত্রসহ আইনের আওতায় নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান । তাছাড়া তিনি চেয়ারম্যানদের যে কোনো সভায় বাল্যবিবাহ ও যৌতুককে নিরুৎসাহিত করার বিষয়ে আলোচনা করার পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-০৫-২০২৪
ক্ষেমালিকা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার

নম্বর: ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০০৩.১৯.১০৪

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অদিদপ্তর, কুমিল্লা এবং
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),হোমনা,কুমিল্লা।।

০৫-০৫-২০২৪
তানজুমা পারভীন লুনা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা